ছাদের জন্য

## লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি। সত্বর দরের জন্য পত্র লিখুন।

**নিরঞ্জন এণ্ড কোং লিঃ**

ম্যানেজিং ডিরেক্টার :—
শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়,
২নং দর্মাহাটা ষ্ট্রীট, কলিকাতা।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

—○•○—

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ৵০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৶০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩০শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৪ঠা শ্রাবণ বুধবার ১৩৫০ ইংরাজী 21st July 1943 { ৯ম সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

**৪৫** বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধি-ধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৷০, ছোট ১৷০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫৷৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।**

১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা।

## গৃহ-রক্ষা

গৃহরক্ষার জন্যই জীবন-বীমা। গৃহ জাতীয় জীবনের প্রকৃষ্টতম প্রয়োজন, পৃথিবীর আশা-ভরসার স্থল। গৃহকে বাঁচাইয়া রাখিবার কাজে যাহার সার্থকতা আছে, তাহার প্রভাবও অপরিসীম। যিনি পরিবার প্রতিপালন করেন, তিনিই ত' সংসারের প্রধান আশ্রয়। তাঁহারি চারিদিকে গৃহ নীড় রচিত হয়। তাঁহার অভাবে গৃহ-সংসার বিধ্বস্ত ও বিক্ষিপ্ত হইয়া পড়ে—পারিবারিক বন্ধনও শিথিল হইয়া আসে। কিন্তু সেই প্রতিপালকের স্থানে জীবন-বীমা সংসার প্রতিপালনের দুরূহ ভার গ্রহণ করে। সংসার ধ্বংসের হাত হইতে রক্ষা পায়—জাতীয় জীবনের শক্তি অব্যাহত থাকে।

আপনার প্রয়োজন অনুযায়ী সম্পূর্ণ নির্ভরযোগ্য বীমাপত্র দিতে পারে

আর্থিক পরিচয়

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| নূতন বীমা (১৯৪১) | ... | ... | প্রায় ৩ কোটি টাকা | | | | |
| মোট চল্‌তি বীমা | ... | ... | ১৮ কোটি | ৯৯ লক্ষ টাকার উপর | | | |
| বীমা তহবিল | ... | ... | ৪ „ | ২৩ | „ | „ | „ |
| মোট সম্পত্তি | ... | ... | ৪ „ | ৬৩ | „ | „ | „ |
| দাবী-শোধ ( ১৯০৭-৪১ ) | ... | ... | ২ „ | ৫০ | „ | „ | „ |
| প্রিমিয়াম আয় | ... | ... | প্রায় ১ কোটি টাকা | | | | |

## হিন্দুস্থান কো-অপারেটিভ্ ইন্সিওরেন্স

সোসাইটি, লিমিটেড,

হেড অফিস
হিন্দুস্থান বিল্ডিংস,
কলিকাতা

ব্রাঞ্চ
বোম্বাই, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, নাগপুর, পাটনা ও ঢাকা।
এজেন্সী—ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে।

## ORDER.

The order dated the 5th April, 1942, issued by the District Magistrate of Murshidabad, under notification No. 1384-P., dated the 4th March, 1941, banning processions, meetings or assemblies without permission, is hereby withdrawn.

Sd. S. K. Chatterjee,
District Magistrate,
Murshidabad.
The 6th July, 1943.

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

৪ঠা শ্রাবণ বুধবার, সন ১৩৫০ সাল

## পিনের বদলে বাবলা কাঁটা

### ২৫ লক্ষ কাঁটা সংগ্রহের ব্যবস্থা

ভারত সরকারের বিভিন্ন দপ্তরে যে ধাতু নির্ম্মিত পিনের ব্যবহার হইয়া থাকে তার বদলে বাবলা কাঁটার ব্যবহার হবে। এই জন্য ২৫ লক্ষ বাবলা কাঁটার অর্ডার দেওয়া হয়েছে। বাবলা কাঁটার দু'রকম রঙ হয়, শাদা আর কালো। শাদা গুলোকে হঠাৎ দেখলে ধাতুনির্ম্মিত কাঁটা বলেই মনে হয়। প্রত্যেক এক হাজার কাঁটা সংগ্রহ করতে এক টাকা লাগবে।

---

## ভারতীয় সিভিল সার্ভিস পরীক্ষা

### উত্তীর্ণ প্রথম ৭ জনের নামের তালিকা

গত জানুয়ারীতে গৃহীত আই-সি-এস পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদের মধ্যে নিম্নলিখিত ৭ জন স্বাস্থ্য পরীক্ষা সাপেক্ষে শিক্ষানবিশ হিসাবে আই-সি-এস পদে নিযুক্ত হইবেন বলিয়া ঘোষণা করা হইয়াছে—

(১) মিঃ নির্ম্মলকুমার মুখার্জি, (২) মিঃ রমাপ্রসন্ন নায়ক, (৩) মিঃ আগা সাহা, (৪) মিঃ আফতাব গোলাম নবী কাজী, (৫) মিঃ ধীরেন্দ্রকুমার সাকসেনা, (৬) মিঃ মণিষীমোহন সেন এবং (৭) মিঃ মদনগোপাল কাউল। মুশ্লিম ও তপশীলভুক্ত সম্প্রদায় হইতে যাঁহাদের মনোনীত করা হইবে, তাঁহাদের তালিকা পরে বিজ্ঞাপিত করা হইবে।

---

## বৃদ্ধের বিবাহের সাধে বাদ

### বহরমপুরের যুবকগণের প্রচেষ্টায় বিবাহ বন্ধ

বহরমপুরের কম্যুনিষ্ট কর্ম্মী কমরেড আশু সান্যালের ৭০ বৎসর বয়স্ক পিতা শ্রীযুক্ত অন্নদাপ্রসাদ সান্যাল মহাশয়ের কয়েক মাস পূর্ব্বে পত্নীবিয়োগ ঘটে। তিনি পুনঃ বিবাহের আগ্রহ প্রকাশ করেন। তাহা অবগত হইয়া পাবনা জেলার উল্লাপাড়ার দুর্গানগরের কন্যাদায়গ্রস্ত শ্রীযুক্ত রমেশচন্দ্র তালুকদার সান্যাল মহাশয়ের সহিত নিজ কন্যা নিভারাণীর বিবাহ সম্বন্ধ স্থির করেন। স্থানীয় যুবকেরা উহা অবগত হইয়া রায় বাহাদুর অনিলকুমার চ্যাটার্জ্জি এম-বি-ই মহোদয়কে জানান। রায় বাহাদুর মিঃ চ্যাটার্জ্জির চেষ্টায় ঐ বিবাহ বন্ধ হয় এবং সহর হইতে কয়েক মাইল দূরবর্ত্তী পল্লী টেঁয়া হইতে রাঢ়ীশ্রেণী বংশোদ্ভব শ্রীযুক্ত কুমারীশচন্দ্র ভট্টাচার্য্য মহাশয়ের পঞ্চবিংশতি বৎসর বয়স্ক পুত্র শ্রীমান্ বটকৃষ্ণ ভট্টাচার্য্যকে আনয়ন করিয়া তাহার সহিত ১১ই জুলাই ঐ কন্যার বিবাহ দেওয়া হয়।

---

### গভর্ণমেণ্টের

## খাদ্যনীতি সম্বন্ধে সাতটী কথা

—০—

বঙ্গীয় ব্যবস্থা পরিষদে খাদ্যসমস্যা সম্পর্কে তিন দিন ধরিয়া যে তুমুল বিতর্ক চলিয়াছিল, সেই সময়ে খাদ্যসচিব মাননীয় মিঃ এইচ, এস, সোহ্‌রাওয়ার্দ্দী যে উত্তর প্রদান করিয়াছিলেন, তন্মধ্যে নিম্নোক্ত সাতটী বিষয় জনসাধারণের বিশেষ প্রণিধানযোগ্য :—

(১) বাঙলাদেশে সম্প্রতি যে খাদ্য অভিযান চালান হইয়াছিল, তাহাতে দেখা গিয়াছে যে, অধিকাংশ জেলাতেই খাদ্যাভাব রহিয়াছে।

(২) কলিকাতা, হাওড়া ও তন্নিকটবর্ত্তী শিল্পাঞ্চলগুলিতে অতি সত্বরই খাদ্য অভিযান চালান হইবে। শাসন সম্পর্কিত সুবিধার জন্য এবং এই সকল স্থানে অত্যন্ত অধিক পরিমাণে খাদ্যশস্যের প্রয়োজন হয় বলিয়া পূর্ব্ববর্ত্তী অভিযানের সময়ে এই অঞ্চলগুলি বাদ দেওয়া হইয়াছিল। মফঃস্বলে খাদ্য অভিযান পরিচালনা করার একটী প্রধান উদ্দেশ্য ছিল অপেক্ষাকৃত সঙ্গতিসম্পন্ন কৃষকদিগকে তাহাদের দরিদ্র প্রতিবেশীগণকে ঋণদান করিতে প্ররোচিত করা এবং বৎসরের এই সময়ে যাহারা খাদ্যশস্য পাইত কিন্তু এ বৎসর পাইতেছে না তাহাদিগকে অনাহারের হাত হইতে রক্ষা করা। কিন্তু এইরূপ উদ্দেশ্য শিল্পাঞ্চলে সফল হইবে না এবং ইহাই কলিকাতা, হাওড়া প্রভৃতি স্থানে অভিযান না চালাইবার অন্যতম কারণ।

(৩) ভারত সরকার বাঙলা দেশকে যে ২,২৪,০০০ টন গম, ২,০০,০০০ টন বাজরা এবং ২৫,০০০ টন চাউল দিবার প্রতিশ্রুতি দিয়াছিলেন, তন্মধ্যে অবাধ বাণিজ্য ঘোষিত হইবার পর মাত্র ১৫,০০০ টন গম, ১০,০০০ টন বাজরা এবং ১১,০০০ টন চাউল প্রেরণ করিয়াছেন। এই ব্যাপারের প্রধান সমস্যা ছিল যান-বাহনের অসুবিধা।

(৪) এক প্রদেশ হইতে অন্য প্রদেশে খাদ্যশস্য চালান দেওয়ার যে প্রতিবন্ধক ছিল, যদিও তাহা পুনরায় স্থাপন করার সিদ্ধান্ত করা হইয়াছে, তথাপি প্রতিবেশী প্রদেশসমূহ যে পর্য্যন্ত না তাহাদের সাধ্যানুযায়ী বাঙলা দেশে খাদ্যশস্য প্রেরণ করিবে বলিয়া ভারত সরকার নিশ্চিন্ত হইতে পারেন এবং যে পর্য্যন্ত না তাহারা বাঙলা দেশের জন্য সত্য সত্য খাদ্যশস্য সংগ্রহ করিতে আরম্ভ করেন, সে পর্য্যন্ত অবাধ বাণিজ্য চলিতে থাকিবে এবং ইহাতে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি করা হইবে না। ইতিমধ্যে ভারত সরকার বাঙলা দেশে যত সত্বর সম্ভব খাদ্যশস্য প্রেরণ করার জন্য সকল প্রকার চেষ্টা করিবেন এবং সকল প্রাদেশিক সরকার বাঙলা দেশের জন্য যে শস্য ক্রয় করিয়াছেন অথবা ক্রয় করিবেন, তাহা এই প্রদেশে আমদানী করিতে দিবেন। মাননীয় খাদ্যসচিব ঘোষণা করিয়াছেন যে এই ব্যাপারের সহিত সংশ্লিষ্ট প্রত্যেক প্রদেশের সহিত পৃথকভাবে ব্যবস্থা করিতে পারিবেন বলিয়া তিনি আশা করেন।

(৫) মন্ত্রীমণ্ডলী সামরিক বিভাগের সহায়তা প্রাপ্ত

হইয়াছেন। খাদ্যশস্য চলাচলের জন্য সামরিক বিভাগ হইতে যানবাহনের সাহায্য করা হইবে এবং ইউরোপীয় সৈনিকদিগের চাউলের বরাদ্দ কমাইতেও সামরিক কর্ত্তৃপক্ষ সম্মত হইয়াছেন।

(৬) বাঙলা সরকার বিভিন্ন প্রকার সাহায্য দান করিয়াছেন। কৃষিঋণের জন্য ১,১০,০০,০০০ টাকারও অধিক, খয়রাতী দানের জন্য ৬২,০০,০০০ এবং কর্ম্মের বিনিময়ে সাহায্যদানের জন্য ৯২,০০,০০০ টাকার উপর মঞ্জুর করা হইয়াছে।

(৭) খুব সত্বরই অন্যান্য বহু প্রকার সাহায্যদানের ব্যবস্থা করা হইতেছে। সেই সকল সাহায্য নিম্নোক্তরূপ হইবে :—

প্রথমতঃ, শাকসব্জী মিশ্রিত খিচুড়ী বিতরণের কেন্দ্র স্থাপন করা হইবে। তথায় দরিদ্র লোকদিগকে এই খাদ্য বিনামূল্যে বিতরণ করা হইবে এবং যাহাদের সঙ্গতি আছে, তাহাদের নিকট বিক্রয় করা হইবে বা ঋণ দেওয়া হইবে।

খাদ্যাদি বিষয়ে খয়রাতী দান প্রধানতঃ খিচুড়ী বিতরণ কেন্দ্রের সাহায্যে দেওয়া হইবে। যেখানে এইরূপ কেন্দ্র খোলা হয় নাই এবং সাহায্যের খুবই প্রয়োজন, সেখানে নগদ সাহায্য দেওয়া হইবে।

সাহায্যের তৃতীয় পন্থা হইবে রাস্তা নির্ম্মাণ হইতেও অধিকতর প্রয়োজনীয় কার্য্যাদির বিনিময়ে সাহায্য প্রদান। এই সকল কার্য্যের পারিশ্রমিক স্বরূপ খাদ্যশস্য দেওয়া হইবে, কিন্তু যেখানে গভর্ণমেণ্ট খাদ্যশস্য প্রেরণ করিতে পারিবেন না, সেখানে নগদ টাকা দেওয়া হইবে। যে সকল কার্য্যে জমির উর্ব্বরতা বৃদ্ধি পায় সেই সকল কার্য্যও গ্রহণ করা হইবে, যেমন পতিত জমি চাষ, সেচকার্য্যের পুষ্করিণী খনন, সার প্রস্তুতের জন্য গর্ত্ত খনন, কচুরী পানা উত্তোলন এবং রাস্তাঘাট ও জলসরবরাহ ব্যবস্থার উন্নতি সাধন।

কৃষিঋণ হিসাবেও সাহায্য দেওয়া হইবে—এই ঋণের কিছু অংশ বীজ, গো মহিষাদি ও ভরণপোষণের জন্য নগদ টাকায় এবং কিছু অংশ ভরণপোষণ ও শ্রমিক নিযুক্ত করার জন্য খাদ্যশস্যে দেওয়া হইবে।

দরিদ্র জনসাধারণের মধ্যে স্বল্পমূল্যে খাদ্যশস্য বিক্রয় করা হইবে—কর্ম্মের বিনিময়ে সাহায্য প্রদানের উদ্দেশ্যে যে সমস্ত শ্রমিককে নিযুক্ত করা হইয়াছে তাহাদিগকে এবং কৃষিকার্য্যে নিযুক্ত শ্রমিকদিগকেও এই সুবিধা দেওয়া হইবে।

---

# নীলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত

## নীলামের দিন ৯ই আগষ্ট ১৯৪৩

### ১৯৪৩ সালের ডিক্রীজারী

৩৮০ থাং ডিঃ কুমার চন্দ্র সিংহ দুধোরিয়া দিং দেং দুলালকালী দাস দিং দাবি ১৮৫/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে মির্জ্জাপুর ২ শতকের কাত ১৮/৬ আঃ ১০৲ খং ১৩৮

৩৮৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২/৬ মৌজাদি ঐ ১ শতকের কাত ২৷/৬ আঃ ১০৲ খং ১০৩৭

৪৬০ থাং ডিঃ নবদ্বীপচন্দ্র দাস দেং ওয়াজেদ সেখ দাবি ২১৷৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেকন্দরা ২৯ শতকের কাত ৫৷/৫ আঃ ৩০৲ খং ১৩৬২

৫৬৩ থাং ডিঃ নবনীধর ভট্টাচার্য্য দেং পরমেশ্বর মণ্ডল দিং দাবি ২০৮/৬ থানা সুতী মৌজে ঘোড়াপাখিয়া গাঙ্গিন ১-১২ শতকের কাত ১৮/০ খং ৫২২

৫৮৩ থাং ডিঃ অশ্বিনীকুমার চৌধুরী দেং উমেশচন্দ্র পাল দিং দাবি ১২৮৯ থানা সুতী মৌজে ইচলিপাড়া ৩১ শতকের কাত ১৷০ আঃ ৫৲ খং ১৪৯৬

---

## চৌকি জঙ্গিপুর প্রথম মুনসেফী আদালত

## নীলামের দিন ২৫শে আগষ্ট ১৯৪৩

### ১৯৪৩ সালের ডিক্রীজারী

২৬ মর্গেজ ডিঃ কালীপ্রসন্ন বারিক দেং বিভূতিভূষণ দাস দিং দাবি ২১৮৮৶৬ থানা সুতী মৌজে সাদিকপুর ২৷৪৷০ কাঠার কাত ৩৷/১৷০ আঃ ১৫৲ ২নং লাট মৌজাদি ঐ ২৷০ বিঘার কাত ২৶৫ আঃ ১৫৲

---

## চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুনসেফী আদালত

## নীলামের দিন ১৭ই আগষ্ট ১৯৪৩

### ১৯৪৩ সালের ডিক্রীজারী

৫২১ থাং ডিঃ সেবাইত রাজা প্রতিভানাথ রায় দেং কানাইয়ালাল কালা দাবি ৯৶৩ থানা সাগরদীঘি মৌজে সাহাপুর ৮১ শতকের কাত ২৷১০ আঃ ৫৲ খং ২৮২

৫২২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০৮/০ মৌজাদি ঐ ১৫ শতকের কাত ৩৷/০ আঃ ৫৲ খং ২১০ অধিনস্থ খং ৩৯৫

৫০০ থাং ডিঃ শ্রীমতী রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং কুদ্দুশ সেখ দিং দাবি ২১৷৶৯ থানা সমসেরগঞ্জ মৌজে বৈদ্যনাথপুর ৩-৪৫ শতকের কাত ১৩৶৯ আঃ ২০৲ খং ১৩০

৫০১ থাং ডিঃ ঐ দেং মকবুল হোসেন দাবি ১৮৶৩ মৌজাদি ঐ ১০/০ বিঘার কাত ১০৲ আঃ ১৫৲ খং ৭৭৫

৫০৬ থাং ডিঃ ঐ দেং কেদারনাথ মিশ্র দাবি ২২০৷৶৯ থানা ঐ মৌজে শ্রীমন্তপুর ৩৮-৪৬ শতকের কাত ৩২৶৩ আঃ ১৫৲ খং ১৫০ ও ৩৪

৩২৮ থাং ডিঃ হীরেন্দ্রনাথ রায় দিং দেং জাব্বার নাদাপ দিং দাবি ১৪৷/০ থানা সমসেরগঞ্জ মৌজে কোহতপুর ২৮ শতকের কাত ২৷৮ আঃ ৫৲ খং ১৭৯

৪৮৫ থাং ডিঃ ঐ দেং নামু সেখ দিং দাবি ৭৮৶০ থানা ঐ মৌজে অনুপনগর ৴২৷০ কাঠার কাত ৮/৩ পাই আঃ ৫৲

৪৮৬ থাং ডিঃ ঐ দেং সুনীতিবালা রায় দিং দাবি ২৯৶৯ মৌজাদি ঐ ৬-০৯ শতকের কাত ২৷৶৬ আঃ ১০৲ খং ৬৬৭।৬৬৮

৪৮৭ থাং ডিঃ ঐ দেং ময়না বেওয়া দাবি ৫৷৩ মৌজাদি ঐ ৩৷০ শতকের কাত ।৶৫ আঃ ২৲

৪৮৯ থাং ডিঃ ঐ দেং রাজু কোটাল দাবি ৫৷৶৯ মৌজাদি ঐ ২৯ শতকের সেস /৪ আঃ ২৲

৪৯১ থাং ডিঃ ঐ দেং জিয়ারুদ্দিন মণ্ডল দাবি ২৪৷৩ থানা ঐ মৌজে মমরেজপুর ১-৫৭ শতকের কাত ৩৷৶১০ আঃ ১০৲ খং ১১৫১

৪৯৪ থাং ডিঃ ঐ দেং রহিমবকস মণ্ডল দাবি ২৫৶৩ থানা ঐ মৌজে খাপড়া ৯৷৩৷০ কাঠার কাত ১৪৮১১ আঃ ১৫৲

৫২৩ থাং ডিঃ ঐ দেং বিধুভূষণ ঘোষ দাবি ২৮৷৬ থানা ঐ মৌজে অনুপনগর ৭০ শতকের কাত ৩৮/৮ আঃ ১০৲ খং ১২৭৯

৫২৬ থাং ডিঃ ঐ দেং ময়মুদ্দিন বিশ্বাস দিং দাবি ১১/০ মৌজাদি ঐ ১৪ শতকের কাত ১/০ আঃ ৫৲ খং ১২৪৯

৫২৭ থাং ডিঃ ঐ দেং চারুচন্দ্র খাসনবিশ দাবি ১৯৮০ মৌজাদি ঐ ৭৩ শতকের কাত ২৮৶০ আঃ ১০৲ খং ৮৩২

(পর পৃষ্ঠায় দেখুন

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

## দ্বিতীয় মুন্সেফী আদালতের জের

৫২৮ থাং ডিঃ ঐ দেং জ্ঞানেন্দ্রনাথ রায় দিং দাবি ৪৷৵৬ থানা ঐ মৌজে থাপড়া ১-৭৪ শতকের কাত ৬৷৹ আঃ ১৫৲ থং ৩৬

৫০৭ থাং ডিঃ একজিকিউটর ও স্বয়ং রবীন্দ্রনাথ পাঁড়ে দিং দেং হলধর কুনাই দাবি ৯/৯ থানা সমসেরগঞ্জ মৌজে নপাড়া ৬ শতকের কাত ৮/৪ পাই আঃ ৬৲ থং ২০৭

২১ মনি ডিঃ পঞ্চানন চট্টোপাধ্যায় দেং গোকুলচন্দ্র রায় দাবি ১০৭৷৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাঁকুড়িয়া ৩-০৭ শতক মধ্যে নিজাংশে ৮৪ শতকের কাত ২২৷৵০ আঃ ১০৲ থং ৬৯ ২নং লাট মৌজাদি ঐ ১৯ শতকের কাত ৩৵৩ সরিকগণের অংশ বাদে নিজাংশ আঃ ৫৲ থং ২৮৯ ৩নং লাট মৌজাদি ঐ ৫-৬০ শতকের কাত ৭৬৮৵১ সামিল জমা নিস্তা মৌজায় থং ৩৩৬ সরিকগণের অংশ বাদে নিজাংশ আঃ ২০৲ থং ৯০ ৪নং লাট থানা ঐ মৌজে নিজ রঘুনাথ-গঞ্জ মধ্যে দোকানবাটী নামক পোক্তা বাটী মায় গৃহাদি ও পায়খানা ও বৃক্ষাদি সমেত খাজনা বার্ষিক ৫৷৵৫ আঃ ২০৲ থং ৬৬

৪৫৮ থাং ডিঃ বিদগ্ধগোপাল দাস দেং কিশোরীমোহন দাস দাবি ৬৯৻৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সোনাটীকরী ৯৪ শতকের কাত ৬৲ আঃ ৫০৲ থং ২০৮ মোকররী স্বত্ব

---


মহা সমর ! মহা সমর !!

এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত।

**মোহিনী বিড়ি** যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারাণ্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন। একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী :—


**মুলজী সিক্কা এণ্ড কোং**

হেড অফিস :—৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।


**মোহিনী বিড়ির শাখাসমূহ :—**

১৬০ নং নবাবপুর রোড, ঢাকা ; সরায়গঞ্জ, মজঃফরপুর, বি-এন-ডবলিউ-আর। ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস, গোণ্ডিয়া, (সি, পি) বি-এন-আর। আমাদের নিকট বিড়ি প্রস্তুতের তামাক ও পাতা খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়। দরের জন্য পত্র লিখুন।






**সুরবল্লী**




যে সব ডাক্তাররা সুরবল্লী ব্যবস্থা করে দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

**সি. কে. সেন এণ্ড কোং লিঃ**
**জবাকুসুম হাউস, কলিকাতা**



**দি ওয়ার্ম ইণ্ডিকা** (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়।

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ)